

তারিখ... ৪ MAY 2014 ...  
 পৃষ্ঠা... ৪... কলাম... ৬...

# 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়' ফাইলে বন্দি

আজিজুল পারভেজ ▶

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের নামে এবং তাঁর স্মৃতিবিজড়িত স্থানে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দেওয়া হলেও এর অগ্রগতি সামান্যই। মূলত ফাইল চালাচালিতেই সময় পার হচ্ছে। চার বছরেও চূড়ান্ত হয়নি রবীন্দ্র বিশ্ববিদ্যালয় আইন। সিরাজগঞ্জে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস স্থাপনের চূড়ান্ত সিদ্ধান্ত হলেও তা নিয়েও তরু হয়েছে টানাহেঁচড়া। আগামী দীর্ঘ নেতা মাহবুব-উল-আলম হানিফ এই বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস কুষ্টিয়ার স্থাপনের জন্য নতুন করে প্রস্তাব করেছেন। এ পরিষ্কৃতিতে কবে নাগাদ রবীন্দ্র বিশ্ববিদ্যালয় যাত্রা করবে তা নিশ্চিত করে বলতে পারছে না কেউই।

শিলাইদহ নূরুল ইসলাম নাহিদ কাদের কঠকে বলেন, 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। এই বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। তবে কবে এ বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুরু করতে পারবে সে ব্যাপারে তিনি নিশ্চিত করে কিছু জানাতে সক্ষম হননি।

শান্তিনিকেতন ও বিশ্বভারতীর আদলে বাংলাদেশে রবীন্দ্র স্মৃতিবিজড়িত স্থানে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়' প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১০ সালের ৮ মে রাজধানীর ওসমানী স্মৃতি মিনারায়তনে রবীন্দ্রজয়ন্তীর অনুষ্ঠানে এ বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দেন। জানা যায়, রবীন্দ্রনাথ ঠাকুরের পৈতৃক সম্পত্তি জোড়ানাকোর ঠাকুর পরিবারের অধিনারি যা এখন বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণে খাসজমি হিসেবে রয়েছে সেখানে ব্যবহার করে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত হয়। সেই হিসেবে প্রথম বিবেচনায় আসে কুষ্টিয়ার শিলাইদহ কুঠিবাড়ি ও সিরাজগঞ্জের শাহজাদপুর কুঠিবাড়ি। এই দুটি স্থাপনা বর্তমানে রবীন্দ্র স্মৃতিকেন্দ্র হিসেবে সরকারের নিয়ন্ত্রণে রয়েছে। প্রধানমন্ত্রী তাঁর ঘোষণার সময় কুষ্টিয়ার শিলাইদহে 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়' প্রতিষ্ঠার কথা বলেন। কিন্তু কুষ্টিয়ার অন্য একটি পাবলিক

বিশ্ববিদ্যালয় থাকায় এবং সেখানে সরকারের নিয়ন্ত্রণে থাকা জমির পরিমাণ কম হওয়ায় সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়। তবে একই সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিময় কুষ্টিয়ার শিলাইদহ ও নওগাঁর পতিসরে এই বিশ্ববিদ্যালয়ের অনুষদ কিংবা সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে শিক্ষা মন্ত্রণালয়।

আগামী দীর্ঘ নেতা মাহবুব-উল-আলম হানিফ গত ৫ জানুয়ারির জাতীয় সংসদ নির্বাচনে এমপি নির্বাচিত হওয়ার পর রবীন্দ্র বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার স্থাপনের জন্য ডিও ইস্যু করেন। তাঁর এই ডিও ইস্যুর পরিকল্পনিকৃত বিশ্ববিদ্যালয় স্থাপনের স্থান নিয়ে আবার ফাইল চালাচালি শুরু হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

ইতিমধ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রস্তাবিত 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়'-এর আইনের খসড়া ও ডিপিপি প্রণয়ন করে সরকারের কাছে উপস্থাপন করেছে। কিন্তু তিন বছর আগে জমা দেওয়া এই আইন এখনো চূড়ান্ত হয়নি। বিশেষায়িত বিশ্ববিদ্যালয়ের এই আইনের ব্যাপারে বিভিন্ন মন্ত্রণালয়ে মতামতের জন্য পাঠানো হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিপি অধ্যাপক ড. আবদুল খালেক এই বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে বলেন, 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের মূল প্রাধান্য উভয়টি রবীন্দ্র কুঠিবাড়িতেই স্থাপন করা বাঞ্ছনীয়। শাহজাদপুরে রবীন্দ্র কুঠিবাড়িতে যে অবকাঠামো আছে, সেখানে বিশ্ববিদ্যালয়ের ডিভিশনের স্থাপন এবং শিক্ষা কার্যক্রম শুরু করার মতো আয়না-জমি আছে। কুঠিবাড়িতে যে পরিমাণ আয়না-জমি আছে তাতে সেখানে বহুতলবিশিষ্ট প্রাধান্য উভয় নির্মাণ সম্ভব। রবীন্দ্র কুঠিবাড়ির অডিটোরিয়ামের চারপাশে যেসব কক্ষ রয়েছে, অল্পরি ভিত্তিতে সেসব কক্ষে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কার্যক্রম শুরু করতে কোনো রকম অসুবিধা হওয়ার কথা নয়। তিনি অবিলম্বে এই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার দাবি জানান।